

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

স্মারক নম্বর : ৪৩.২৫.০০০০.০০৩.১১.০১৩.৮৫.৩৮

তারিখ : ২০ পৌষ ১৪২৭
০৫ জানুয়ারি ২০২১

বিষয় : সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর আওতায় বিভাগীয় মামলা নং ০১/২০২০ এর রায় সংক্রান্ত।

যেহেতু, আপনি জনাব হোসনে আরা আরজু, মূল পদ-ক্যাশিয়ার, হিসাব রক্ষক (সাময়িক দায়িত্ব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের হিসাব শাখায় কর্মরত থাকা অবস্থায় বিগত মে ২০২০ ও জুন ২০২০ মাসে অধিদপ্তরের হিসাব শাখার জরুরি কাজে অনুপস্থিত থাকেন, দায়িত্বে অবহেলা করেন ও অসদাচরণ করেন;

যেহেতু, ০৮ মে ২০২০ তারিখে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে একটি নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হলে ১০ মে ২০২০ তারিখ হতে আপনাকে নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্ব পালন করার জন্য আদেশ দেয়া হয়, কিন্তু আপনি উর্ধ্বতন কর্মকর্তার আদেশ অমান্য করে বিনানুমতিতে অনুপস্থিত থাকেন এবং ০১/০৭/২০২০ তারিখ পর্যন্ত অফিসের কাজে যোগদান করেননি; আপনার অনুপস্থিতির কারণে আপনার ডেস্কে জমে থাকা বিল/ভাউচার এবং ওয়াসা, বিআরটিসি ও ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের গুরুত্বপূর্ণ বেশ কিছু চেক অনিষ্পন্ন ও অবিলকৃত ছিল;

যেহেতু, আপনার এহেন অপরাধমূলক কার্যকলাপের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধান অনুযায়ী আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে লিখিত ব্যাখ্যা প্রদান করার জন্য গত ০৬/০৭/২০২০ তারিখে আপনাকে নির্দেশ প্রদান করা হলে বিগত ১৪/০৭/২০২০ তারিখে আপনার প্রদত্ত ব্যাখ্যার জবাবে আপনি অত্যন্ত আপত্তিকর, অসন্তোষজনক, অবান্তর ও অভদ্রজনোচিত কতিপয় বক্তব্য প্রদান করেন এবং আপনার উপর অর্পিত হিসাব রক্ষক এর সাময়িক দায়িত্ব সংক্রান্ত আদেশের বৈধতা নেই এবং এ ধরনের দায়িত্ব গ্রহণযোগ্য নয় মর্মে বলেন এবং নিয়ন্ত্রণ কক্ষের অফিস আদেশকে তাচ্ছিল্য করেন। এছাড়া আপনি ইতঃপূর্বে অফিসে বিনানুমতিতে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আপনাকে একাধিকবার কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় এবং লিখিত সতর্ক করা হয়;


যেহেতু, উক্ত অভিযোগের ভিত্তিতে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(খ) তে প্রদত্ত ব্যাখ্যা ও ৩(খ) ধারার সংজ্ঞা অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে একই বিধিমালার বিধি ৪ এর আওতাধীন কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না কিংবা বিধির আওতাধীন অন্য কোনো দণ্ড আরোপ করা হবে না সে বিষয়ে বিভাগীয় মামলা নং ০১/২০২০ দায়ের করে অভিযোগ বিষয়ে লিখিতভাবে বক্তব্য পেশ করার জন্য নির্দেশ প্রদান করা হয় এবং ব্যক্তিগত শুনানী চান কিনা তাও জানানোর জন্য বলা হয়;

যেহেতু, আপনি নির্দিষ্ট সময়ে লিখিত বক্তব্য দাখিল করেছেন এবং নির্ধারিত সময়ে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করে অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের জন্য প্রার্থনা করেছেন; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগে বর্ণিত অপরাধের গুরুত্ব, সাক্ষ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে এবং বিরাজমান কোভিড-১৯ মহামারি পরিস্থিতি ও অন্যান্য বিষয়

বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর ২ (ক) অনুযায়ী আপনাকে লঘুদণ্ড প্রদান সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, আপনি জনাব হোসনে আরা আরজু, মূল পদ-ক্যাশিয়ার, হিসাব রক্ষক (সাময়িক দায়িত্ব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ এর (খ) সংজ্ঞানুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে উক্ত বিধিমালার বিধি ৬ এর (৪) বিধানমতে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।


০৫.০৩.২০২২
(ফরিদ আহমদ ডুইয়া)

মহাপরিচালক

ফোন: ৪৮১১৭৬৯৫ ফ্যাক্স: ৫৮১৫৩৬৭০

ই-মেইল dg@nanl.gov.bd

জনাব হোসনে আরা আরজু
মূল পদ-ক্যাশিয়ার, হিসাব রক্ষক (সাময়িক দায়িত্ব)
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ২। উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩। ডিডিও, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (সার্ভিস বুক এন্ট্রি করার জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি।